

## 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১৯৫

التجارات) ३२/ व्यवमा-वानिज्य

পরিচ্ছেদঃ ১২/২৩. পাথর নিক্ষেপে বেচা-কেনা এবং প্রতারণামূলক ক্রয়-বিক্রয় নিষিদ্ধ।

بَابِ النَّهْيِ عَنْ بَيْعِ الْحَصَاةِ وَيَيْعِ الْغَرَرِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، وَالْعَبَّاسُ بْنُ عَبْدِ الْعَظِيمِ الْعَنْبَرِيُّ، قَالاَ حَدَّثَنَا الأَسْوَدُ بْنُ عَامِرٍ، حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ، وَالْعَبَّاسُ بْنُ عَبْدِ الْعَظِيمِ الْعَنْبِرِيُّ، قَالاَ حَدَّثَنَا الأَسْوَدُ بْنُ عَامِرٍ، حَنْ عَظَاءٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ نَهَى رَسُولُ اللَّهِ أَيُّوبُ بْنُ عَظَاءٍ، عَنْ ابْنِ عَبَّاسٍ، قَالَ نَهَى رَسُولُ اللَّهِ ـ عَنْ بَيْعِ الْغَرَدِ .

বাংলা

২/২১৯৫। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতারণামূলক ক্রয়-বিক্রয় নিষিদ্ধ করেছেন।

## **English**

It was narrated that Ibn 'Abbas said:

"The Messenger of Allah (ﷺ) forbade Gharar transactions. "

## ফুটনোট

আহমাদ ২৭৪৭, বায়হাকী ৬/১২৬।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আয়ুবে বিন উতবাহ সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বকর আল-বায়হাকী বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রাযী বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে, তিনি বাগদাদে আসার পর তার নিকট কোন কিতাব না থাকায় তার মুখস্ত হাদিস বর্ণনায় তিনি সন্দেহ করতেন। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক ভুল করতেন। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬২০, ৩/৪৮৪ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু আয়ুব বিন উতবাহ এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ১২৫ টি শাহিদ হাদিস রয়েছে। তন্মধ্যে ২৭ টি খুবই দুর্বল, ৪৮ টি দুর্বল, ১৭ টি হাসান, ৩৩ টি সহিহ হাদিস পাওয়া যায়, তন্মধ্যে উল্লেখযোগ্য



হলঃ মুসলিম ১৪১২, তিরমিযি ১২৩০, আবু দাউদ ৩৩৭৬, দারিমী ২৫৫৪, ২৫৬৩, আহমাদ ২৭৪৭, ৬২৭১, ৬৪০১, ৭৩৬৩, ৮৬৬৭, ৯৩৪৫, ৯৩৭৫, দারিমী ২৫৫৪, ২৫৬৩, দারাকুতনী ২৮১৭, ২৮১৮, মুসান্নাফ আব্দুর রাযযাক ১৪৫০৬, ১৪৫০৭, ১৪৫০৮, মুজামুল আওসাত ৩০৪, ৩০৫, ২৩৩১, ৫৫১৫, ৫৬২২, ৮০৮৭, আলফাওয়াইদ ৯৪১, শারহুস সুন্নাহ ২১০২, ২১০৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন